গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২০- ৩৯৯ — তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালাঃ**

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রম স্বচ্ছ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

**০২। শিরোনাম**: এ নীতিমালা "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০" নামে অভিহিত হবে। এ নীতিমালা কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ক্ষেত্রে অনুসৃত হবে।

**০৩। উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা:**

- উচ্চ মাধ্যমিক পর্যায়ের চার বছর মেয়াদী ডিপ্লোমা ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স এর জন্য মাসিক ৫০০/- টাকা হারে উপবৃত্তি প্রদান করা হবে।
- মাধ্যমিক পর্যায়ের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের জন্য মাসিক ৩০০/- টাকা হারে উপবৃত্তি প্রদান করা হবে।
- এইচএসসি (ভোকেশনাল) কোর্সের শিক্ষার্থীদের বই ক্রয়ে সহায়তা বাবদ বার্ষিক ১০০০/- টাকা এবং চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের শিক্ষার্থীদের প্রতি সেমিস্টারে ১০০০/- টাকা প্রদান করা হবে। তবে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্সের শিক্ষার্থীদের সরকার কর্তৃক বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ করার কারণে তারা বই ক্রয়ে সহায়তা প্রাপ্ত হবে না।
- ভর্তিকৃত সকল ছাত্রী ও প্রতিবন্ধী শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হবে।
- ভর্তিকৃত ছাত্রদের মধ্যে ৭০% ছাত্রকে (নির্দিষ্ট মানদণ্ডে নির্বাচিত) উপবৃত্তি প্রদান করা হবে।
- প্রতি ৬ মাস পর পর উপবৃত্তির টাকা বন্টন করা হবে।
- **এই নীতিমালার** আওতায় উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থী অন্য কোন উপবৃত্তি প্রাপ্ত হবে না।

**০৪। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন:**

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান।
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনস্থ চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনাকারী সকল সরকারি প্রতিষ্ঠান।
- চার বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স পরিচালনাকারী কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান।
- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনস্থ এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স পরিচালনাকারী সকল সরকারি প্রতিষ্ঠান।
- এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) কোর্স পরিচালনাকারী কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান।

**০৫। উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলীঃ**

- নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত ছাত্রছাত্রী হতে হবে।
- শিক্ষাবর্ষ/সেমিস্টারে অনুষ্ঠিত মোট ক্লাসের ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে।
- অর্ধ-বার্ষিক/বার্ষিক/সেমিস্টার ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ছাত্র/ছাত্রীদের অবিবাহিত হতে হবে;

০৬। **ছাত্র (৭০%) নির্বাচনের পদ্ধতিঃ**

- ৩ নং ক্রমিকে বর্ণিত সাধারণ শর্তাবলী পূরণকারী ভর্তিকৃত ছাত্রদের পরীক্ষার ফলাফল এবং ক্লাসে উপস্থিতির হার এর ভিত্তিতে সশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্র নির্বাচন কমিটি ৭০% ছাত্র নির্বাচন করবে।
- ভর্তিকৃত সকল ছাত্রী ও প্রতিবন্ধী ছাত্র উপবৃত্তি প্রাপ্ত হবে বিধায় তাদের বাদ দিয়ে অবশিষ্ট ছাত্রদের মধ্য হতে ৭০% ছাত্র নির্বাচন করা হবে।
- ছাত্র নির্বাচনে দরিদ্র ও সুবিধাবঞ্চিত এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

০৭। **ছাত্রছাত্রী নির্বাচন কমিটিঃ** ছাত্র/ছাত্রী নির্বাচনের জন্য নির্বাচিত সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হবে।

**বেসরকারি প্রতিষ্ঠানঃ**

| ক্রমিক | কমিটির সদস্যবৃন্দ | পদবি |
|---|---|---|
| ১ | গভর্নিং বডির চেয়ারম্যান | চেয়ারম্যান |
| ২ | নির্বাচিত শিক্ষক প্রতিনিধি | সদস্য |
| ৩ | অভিভাবক প্রতিনিধি | সদস্য |
| ৪ | প্রতিষ্ঠান প্রধান | সদস্য সচিব |

**সরকারি প্রতিষ্ঠানঃ**

| ক্রমিক | কমিটির সদস্যবৃন্দ | পদবি |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | চেয়ারম্যান |
| ২ | বিভাগীয় প্রধান(স্ব-স্ব বিভাগের জন্য) | সদস্য |
| ৩ | একাডেমিক ইনচার্জ | সদস্য সচিব |

০৮। **উপবৃত্তি প্রদানের পদ্ধতিঃ**

- নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তব্য ছাত্র-ছাত্রীদের তথ্য প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে ডাটাবেজে অন্তর্ভুক্ত করা।
- প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য যাচাই-বাছাই করে উপবৃত্তি প্রাপ্তব্য ছাত্র-ছাত্রীর তালিকা চূড়ান্ত করা।
- ডিজিটাল পেমেন্ট সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে উপবৃত্তি ও বই ক্রয়ের সহায়তার অর্থ প্রদানের জন্য উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্ট খোলা।
- ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্টে উপবৃত্তি ও বই ক্রয়ের সহায়তার অর্থ প্রদান করা এবং সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে এসএমএসের মাধ্যমে জানানো।
- কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ০৮টি আঞ্চলিক পরিচালক অফিস সমূহের মাধ্যমে ডাটা সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হবে।

(মুনশী শাহাবুদ্দীন আহমেদ)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
পরিবহন পুল ভবন, ঢাকা।

নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২০- ৬৯৭

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
১০ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা/কারিগরি/উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।

৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভাবন, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ....................................... (সকল)।
৭. সহকারী কমিশনার (শিক্ষা), ............................(সকল)।
৮. উপ-প্রধান, পরিকল্পনা উইং, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (**উপরিউক্ত নির্দেশনাটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের পদক্ষেপ গ্রহণ করবেন**)।
১১. জেলা শিক্ষা অফিসার ..................................(সকল)।
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩. অফিস কপি।

১০/৬/২০২০
(মীর জাহিদ হাসান)
উপসচিব (প্রশাসন ও অর্থ)
☏: ৪১০৫০১৩০

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন ও অর্থ)**
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২০-৭৭৭

তারিখঃ ২০ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
০৫ অক্টোবর,২০২০ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০ সংশোধন।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ১০/০৬/২০২০ তারিখের ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২০-৩৯৯ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে "কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা নীতিমালা-২০২০" নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

**অনুচ্ছেদ-০৩; উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তাঃ**

| ক্র. নং | বিদ্যমান নীতিমালা | সংশোধনী |
|---|---|---|
| ৩(৭). | এই নীতিমালার আওতায় উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থী অন্য কোন উপবৃত্তি প্রাপ্ত হবে না। | এই নীতিমালা'র আওতায় উপবৃত্তি গ্রহণকারী শিক্ষার্থী অন্য কোন উপবৃত্তি/বৃত্তি প্রাপ্ত হবে না। |

**অনুচ্ছেদ-০৫; উপবৃত্তি বিতরণ ও বই ক্রয়ে সহায়তা প্রাপ্তির সাধারণ শর্তাবলীঃ**

| ক্র.নং | বিদ্যমান নীতিমালা | সংশোধনী |
|---|---|---|
| ৫(২). | শিক্ষাবর্ষ/সেমিস্টারে অনুষ্ঠিত মোট ক্লাসের ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে। | শিক্ষাবর্ষ/সেমিস্টারে অনুষ্ঠিত মোট ক্লাসের ৮০% ক্লাসে উপস্থিত থাকতে হবে। |
| ৫(৩). | অর্ধ-বার্ষিক/বার্ষিক/সেমিস্টার ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | অব্যবহিত পূর্ববর্তী বর্ষে/পর্বে সকল বিষয়ে উত্তীর্ণ হতে হবে।<br>নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ভর্তি যোগ্যতায় উল্লিখিত সর্বশেষ পরীক্ষার ফলাফল বিবেচনা করতে হবে। |

**অনুচ্ছেদ-০৬; ছাত্র (৭০%) নির্বাচনের পদ্ধতিঃ**

| ক্র.নং | বিদ্যমান নীতিমালা | সংশোধনী |
|---|---|---|
| ৬(১). | ৩ নং ক্রমিকে বর্ণিত সাধারণ শর্তাবলী পূরণকারী ভর্তিকৃত ছাত্রদের পরীক্ষার ফলাফল এবং ক্লাসে উপস্থিতির হার এর ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্র নির্বাচন কমিটি ৭০% ছাত্র নির্বাচন করবে। | ৫ নং অনুচ্ছেদে বর্ণিত সাধারণ শর্তাবলী পূরণকারী ভর্তিকৃত ছাত্রদের পরীক্ষার ফলাফল এবং ক্লাসে উপস্থিতির হার এর ভিত্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ছাত্র নির্বাচন কমিটি ৭০% ছাত্র নির্বাচন করবে।<br>ছাত্র নির্বাচনের সঠিকতার জন্য উক্ত কমিটি তথা প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে দায়ী থাকবে। |
| ৬(৩). | ছাত্র নির্বাচনে দরিদ্র ও সুবিধাবঞ্চিত এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | যদি ফলাফল ও হাজিরার ভিত্তিতে মোট ছাত্র সংখ্যার ৭০% এর অধিক উপযুক্ত ছাত্র পাওয়া যায়, তবে ছাত্র নির্বাচনে দরিদ্র ও সুবিধাবঞ্চিত, ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং মুক্তিযোদ্ধার পোষ্য শিক্ষার্থীদের অগ্রাধিকার প্রদান করে অবশিষ্ট শিক্ষার্থীদের মধ্যে হতে ফলাফল ও হাজিরার ভিত্তিতে নির্বাচন করতে হবে। |

**অনুচ্ছেদ-০৮; উপবৃত্তি প্রদানের পদ্ধতিঃ**

| ক্র. নং | বিদ্যমান নীতিমালা | সংশোধনী |
|---|---|---|
| ৮(১). | নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তব্য ছাত্র-ছাত্রীদের তথ্য প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে ডাটাবেজে অন্তর্ভুক্ত করা । | নির্বাচিত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি প্রাপ্তব্য ছাত্র-ছাত্রীদের তথ্য প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে ডাটাবেজ প্রস্তুত করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক ডাটা এন্ট্রি করতে হবে। |
| ৮(৩). | ডিজিটাল পেমেন্ট সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে উপবৃত্তি ও বই ক্রয়ের সহায়তার অর্থ প্রদানের জন্য উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্ট খোলা। | ডিজিটাল পেমেন্ট সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে উপবৃত্তি ও বই ক্রয়ের সহায়তার অর্থ প্রদানের জন্য উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী/পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্ট খুলতে হবে। |
| ৮(৪). | ছাত্র-ছাত্রীদের পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্টে উপবৃত্তি ও বই ক্রয়ের সহায়তার অর্থ প্রদান করা এবং সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে এসএমএসের মাধ্যমে জানানো। | ছাত্র-ছাত্রীদের/পিতা-মাতা/অভিভাবকের নামে মোবাইল/ব্যাংক একাউন্টে উপবৃত্তি ও বই ক্রয়ের সহায়তার অর্থ প্রদান করা এবং সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদেরকে এসএমএসের মাধ্যমে জানাতে হবে। |

সাক্ষরিত/-
(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।
৪. যুগ্মসচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. জেলা প্রশাসক ................................................................. (সকল)।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব (সকল),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. সহকারী কমিশনার (শিক্ষা) ......................................... (সকল)।
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৬. অফিস কপি/ব্যক্তিগত নথি।

০৫/১০/২০

(মীর জাহিদ হাসান)
যুগ্মসচিব (প্রশাসন)
☎৪১০৫০১৩০ :